ISO 9001:2015
Cirtified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
Comilla Palli Bidyut Samity-১

সদর দপ্তর
চান্দিনা, কুমিল্লা
ফোনঃ ০৮০২২ ৫৬১৩১
০৮০২২ ৫৬১৪৩
E-mail: comillapbs01@gmail.com
Web: pbs1.comilla.gov.bd

স্মারক নং-২৭.১২.১৯২৭.৫০৩.০২.০০৮.২১.৬৭২৯

তারিখঃ ০৬ অগ্রহায়ন ১৪২৮ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০২১ খ্রিঃ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ড্রাইভার পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্র নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার | ০১ টি (নিয়োগ প্রদানের সময় পদ সংখ্যা বেশি হতে পারে) | ০৯-১২-২০২১ খ্রিঃ তারিখে সর্বনিম্ন বয়স ১৮ হতে ৪৫ বছর হতে হবে। | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০.০০ হতে ৪১,৯৫০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি। | ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখান্যূনতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, দিক নির্দেশ পরিচালনা, সাংকেতিক চিহ্ন বুঝা, পূর্ণ প্রতিবেদন এবং সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে।<br>খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত (হালকা) বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।<br>গ) প্রার্থীকে যে কোন সরকারী/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত/ বৃহৎশিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনাসহ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর উল্লেখিত প্রতিষ্ঠান সমূহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসেবে গণ্য হবে। পরিচ্ছন্ন ড্রাইভিং রেকর্ড থাকতে হবে। বিগত ০৩ (তিন) বছরের মধ্যে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে।<br>ঘ)) লিখিত ও মৌখিক পরীক্ষায় ছোট ধরণের ইঞ্জিন রিপিয়ারিং, টিউন আপ,সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>ঙ) প্রার্থীকে গাড়ী চালনা পরীক্ষায় পবিস/বিআরইবি এর প্রতিনিধির উপস্থিতিতে উত্তীর্ণ হতে হবে।<br>চ) পবিস এর অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীরস্বাস্থ্য পরীক্ষাসহ দৃষ্টিশক্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | ভোলা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, কুমিল্লা, দিনাজপুর, ফেনী, খাগড়াছড়ি, খুলনা, কুড়িগ্রাম, মাগুরা, মেহেরপুর, মুন্সিগঞ্জ, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, নোয়াখালী, পাবনা, পিরোজপুর, রাঙ্গামাটি ও শরিয়তপুর। |

শর্তাবলীঃ

০১। **আবেদন পত্র পূরণ ও জমাদানঃ** কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www.pbs1.Comilla.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-.০০২, ভার্সন-১) ডাউন লোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ০৯-১২-২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র পৌঁছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা সরাসরি কোন আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না। নির্ধারিত ফরম ব্যতীত আবেদন পত্র বিবেচনা করা হবে না।

০২। <u>আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ</u>

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।

(ঘ) ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি ।

(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(চ) অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত অনুলিপি ।

(ছ) ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোস্টাল অর্ডার কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ , চান্দিনা, কুমিল্লা এর অনুকুলে সংযুক্ত করতে হবে ।

০৩। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম পদবী সম্বলিত সীলমোহর সহ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে ।

০৪। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৫। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে । তবে সেক্ষেত্রে আবেদনের সহিত সরকারী নির্দেশ অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে ।

০৬। অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। তাছাড়া পবিস হতে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই। যদি কেহ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে ।

০৭। অসম্পূর্ণ/ ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে ।

০৮। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যাতিরেকেই তাৎক্ষণিভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মূহর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না ।

১০। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না । মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা (যদি থাকে) ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে ।

১১। অত্র পবিসের ভৌগোলিক এলাকা (চান্দিনা, বরুড়া, মুরাদনগর ও দেবিদ্বার উপজেলার) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই ।

২২/১১/২১

(মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-<u>জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।

০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালক (পূর্বাঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

০৩। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা জোন।

০৫। জেলা প্রশাসক, কুমিল্লা।

০৬। পুলিশ সুপার, কুমিল্লা।

০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ---------------পবিস ১/২/৩/৪।

০৮। একান্ত সচিব, চেয়ারম্যান , মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা ।

০৯। পরিচালক,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।

১০। ডিজিএম, কোম্পানীগঞ্জ/ বরুড়া/দেবিদ্বার /বাঙ্গারা জোনাল অফিস/সদর দপ্তর(কারিগরী),কুমিল্লা পবিস-১ ।

১১। এজিএম (ওএন্ডএম), বাঙ্গারা/নবাবপুর /মুরাদনগর/রামমোহন সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-১ ।

১২। এজিএম (ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা, কুমিল্লা পবিস-১ ।

১৩। অফিস কপি/মাষ্টার কপি ।

২২/১১/২১

(মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

পমাসপ ১১০-০০২
ভার্সন: ০১
অনুমোদিত:
২৭/০৪/২০১৪

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ড্রাইভার পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেডকর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং .................................. .................................... ...............................

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)    ৩. পদের ধরণ

..................................................................... ...............................................

৪. বিজ্ঞাপনের সূত্র/ পত্রিকার নামঃ    ৫. প্রকাশনার তারিখঃ

.................................................. .............................................. ......................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)    (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)    ৭. জন্ম তারিখ ( সনদ/নিবন্ধন অনুযায়ী)

..................................................... ........................ (দিন/মাস/বছর)

৮. মাতার নাম    ৯. বয়স (০৯-১২-২০২১ খ্রিঃ তারিখে)

..................................................... .......................................

১০. পিতার নাম    ১১. ধর্ম

..................................................... ............................................

১২. জাতীয়তা    ১৩. নিজ জেলা

.....................................................

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর    ১৫. বৈবাহিক অবস্থা টিক (√) দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / কন্যা ☐ এতিম ও শারিরীক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

.................................... .................................... .......................... ............................

ক. গ্রাম/সড়ক/বাড়ী    খ. ডাকঘর    গ. উপজেলা/থানা    ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/ নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

.......................................... .......................................... .......................... ..........................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

.......................................................... .......................................... ....................................................

১৯. ব্যাংক ড্রাফট নং/পে-অর্ডার নং ২০. ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মূল্য ২১. ইস্যুর তারিখ

২০. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২১. অভিজ্ঞতার বিবরণ(সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২২. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৩. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং (ই-মেইল ঠিকানা যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৪. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য(পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে)ঃ

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি-না(হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ(গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবো/পবিসকর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিসকর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা,জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

------------------------------- ------------------------------------

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা,কুমিল্লা।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেডকর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে

## লিখিত / মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ..............................................................................

পরীক্ষার তারিখ ঃ ..............................................................................

পরীক্ষার সময় ঃ ..............................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..............................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ..............................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ..........................................

(প্রার্থী/ আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ** ..............................................................................

প্রার্থীর নাম ঃ ..............................................................................

পিতার নাম ঃ..............................................................................

**প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক**..............................................

..............................................................................

..............................................................................

..............................................................................

## প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না।

৩। উত্তর পত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তর পত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।